নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩০০ ২০ অক্টোবর ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে বিশ্ব পরিসংখ্যান দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিশ্ব পরিসংখ্যান দিবস ২০২৫ পালিত হয়েছে। এ উপলক্ষে আজ সোমবার (২০ অক্টোবর ২০২৫) বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

র‍্যালি শেষে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, জাতীয় উন্নয়নে পরিসংখ্যানের অপরিহার্য ভূমিকা রয়েছে। ‘কোয়ালিটি স্ট্যাটিস্টিক্স এন্ড ডেটা ফর এভরিওয়ান’ প্রতিপাদ্যে সারা বিশ্বব্যাপী আজ এ দিবসটি পালিত হচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে সাইবার সিকিউরিটি এবং এআইয়ের সঠিক ব্যবহার নিশ্চিতে নির্ভুল ডেটা এনালাইসিসের কোনো বিকল্প নেই। এক্ষেত্রে আমাদের শিক্ষকদের যতটুকু জ্ঞান এবং মেধা রয়েছে তার সবটুকু দিয়ে আপনাদের সহযোগিতা করবেন এবং শিক্ষার্থীরাও তা গ্রহণ করে ভবিষ্যতের জন্য নিজেদেরকে প্রস্তুত করবেন। আমি পরিসংখ্যান দিবসের সফলতা কামনা করছি এবং দিবসটি পালনের জন্য পরিসংখ্যান বিভাগকে ধন্যবাদ জানাচ্ছি।

এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ড. নাজমা বেগমসহ শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪